# বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

## রেজিস্ট্রার দপ্তর (সংস্থাপন শাখা)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০১০

ই-মেইল: regoffice@bmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd


বিজ্ঞপ্তি নম্বর: বিএমইউ/রেজি-৩৩৬/২৬/০১ তারিখ: ১৭/০২/২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর জন্য নিম্নবর্ণিত পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল এবং পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | সহযোগী অধ্যাপক<br><br>(রসায়ন)<br><br>(গ্রেড-৪, বেতনস্কেল-৫০,০০০-৭১,২০০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে **রসায়ন** বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** বিশ্ববিদ্যালয় পর্যায়ে সক্রিয় শিক্ষক হিসেবে-<br>১) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে- সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম **০৭ (সাত) বৎসরের** অভিজ্ঞতা;<br>২) এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে- সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম **০৯ (নয়) বৎসরের** অভিজ্ঞতা;<br>৩) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে- সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট **ন্যূনতম ১২ (বারো) বৎসরের** অভিজ্ঞতা;<br>৪) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে;<br>৫) স্বীকৃত বিদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞতা বিশেষ বিবেচনায় নেওয়া হইবে।<br><br>(গ) **প্রকাশনা:** প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।<br><br>(ঘ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন। |

** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

## শর্তাবলি:

১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০৮ (আট) সেট আবেদনপত্র ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

২। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান/যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

৩। বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হইতে ২০০/০০ (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৪। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ১০ (দশ) কপি রঙিন সত্যায়িত ছবি **(প্রতি সেট আবেদনপত্রে এক কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে এবং অবশিষ্ট ২টি ছবি মূল আবেদনপত্রের সাথে স্ট্যাপল করে দিতে হবে)**, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে), বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র ও কোটাধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৫। প্রার্থীকে আবেদনপত্রে প্রদর্শিত অভিজ্ঞতার বিষয়ে অবশ্যই অভিজ্ঞতা সনদ সংযুক্ত করিতে হইবে।

৬। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ও অভিজ্ঞতা গণনা করিতে হইবে।

৭। সহযোগী অধ্যাপক পদে আবেদনের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম প্রয়োজনীয় প্রকাশনায় First Author/Corresponding Author হিসেবে প্রকাশনার সংখ্যা তারিখসহ এবং কোন কোন প্রকাশনায় ইমপ্যাক্ট ফ্যাক্টর আছে অথবা Indexed জার্নালে প্রকাশিত হইয়াছে, উহা স্পষ্টভাবে আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে। প্রয়োজনে আলাদা পৃষ্ঠা সংযুক্ত করা যাইবে।

৮। অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাইবে (এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত)।

৯। ইউজিসি কর্তৃক স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতার সময় ৫০% গণনা করা যাইতে পারে।

১০। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হইবে না।

১১। অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হইবে না।

১২। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

১৩। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার-এর তারিখ ডাকযোগে পত্র মারফত, এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১৪। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

১৫। যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১৬। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১৭। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন। বিশ্ববিদ্যালয় ২০২৬-এ স্থায়ী ক্যাম্পাসে (চট্টগ্রাম) স্থানান্তরিত হতে পারে।

১৮। বিএমইউ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বর্জন, নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত** অথবা **বিলম্বে প্রাপ্ত** আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২০। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য হইতে হইবে। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রেজিস্ট্রার
বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি